

জবি রোভারের দুটি দলের পায়ে হেঁটে ১৫০ কিলোমিটার পরিভ্রমণের শুভ
উদ্বোধনও অ্যাওয়ার্ড প্রাপ্তদের সম্মাননা স্মারক প্রদান



জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের ৭জন রোভার আগামী ২০-২৪ ডিসেম্বর-২০১৯ নরসিংদী থেকে মৌলভীবাজার পর্যন্ত ১৫০ কিলোমিটার পথ পায়ে হেঁটে পরিভ্রমণ করবেন। এ উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট পরিভ্রমণ দল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সাথে তাঁর কার্যালয়ের সাক্ষাৎ করেন।

উল্লেখ্য, রোভার স্কাউটস্ এর সর্বোচ্চ সম্মান প্রেসিডেন্ট'স্ রোভার স্কাউট অ্যাওয়ার্ড প্রাপ্তির লক্ষ্যে পরিভ্রমণ ব্যাজ অর্জন করার জন্য তারা এই পরিভ্রমণ সম্পন্ন করবে।

পাঁচ দিনব্যাপি এই প্রোগ্রামে তারা নরসিংদী, ভৈরব, মাধবপুর, শ্রীমঙ্গল পায়ে হেঁটে পরিভ্রমণ করবে।

গত ২০ ফেব্রুয়ারি দিবাগত রাতে চকবাজার ট্রাজেডিতে অংশগ্রহণ করে জীবনের উপর ঝুঁকি নিয়ে দুঃসাহসিক অবদান ও অন্যান্য কার্যক্রমের ভিত্তিতে মো: আহসান হাবীব ও মো. এনামুল হাসান কাওছার-কে বাংলাদেশ স্কাউটস গ্যালাক্সি অ্যাওয়ার্ড-এ মনোনীত করে। বাংলাদেশ স্কাউটসের সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য বিভাগ, দুঃসাহসিক কাজে জীবনের উপর ঝুঁকি নিয়ে সফলভাবে সম্পন্ন করার স্বীকৃতিস্বরূপ 'গ্যালাক্সি অ্যাওয়ার্ড' শীর্ষক অ্যাওয়ার্ড প্রদান করে থাকে। মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান তাদেরকে সম্মাননা স্মারক তুলে দেন।

এছাড়াও রোভার মাইনুল হোসেন মুন্না, ৫ নভেম্বর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৩০তম রোভার হিসেবে রোভার স্কাউটদের সর্বোচ্চ সম্মাননা প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জন করায় তাকে শুভেচ্ছা স্মারক ও ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এসময় জবি রোভারের সম্পাদক অধ্যাপক ড. মনিরুজ্জামান খন্দকার, রোভার স্কাউট লিডার ও ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মনিরুজ্জামান উপস্থিত ছিলেন।